

## ২০১৯-২০ অর্থবছরে মাঠ পর্যায়ে নতুন উদ্ভাবন/ ধারণা

ক্রমিক নং	জেলার নাম	উদ্ভাবনের নাম	উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবনের কার্যক্রম শুরুর তারিখ	শোকেসিং যোগ্য কিনা	উদ্ভাবকের নাম ও ঠিকানা	মেন্টরিং কার্যক্রমে যুক্ত কর্মকর্তা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
০১	রাঙ্গামাটি পার্বত্য জেলা	“ডিজিটাল হাব” স্থাপন	রাঙ্গামাটি পার্বত্য জেলার বেকার জনগোষ্ঠীর তথ্য ও প্রযুক্তিসহ নানাবিধ কার্যক্রমে কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এটি স্থাপন করা হয়েছে। এখানে বিভিন্ন রকম তথ্যপ্রযুক্তি নির্ভর প্রশিক্ষণ, ফ্রিল্যান্সিং কাজ করার সুযোগসহ অন্যান্য উদ্যোক্তা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে।	০১-১০-২০১৯	হ্যাঁ	জনাব এ কে এম মামুনুর রশিদ জেলা প্রশাসক	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন) চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম	
০২	রাঙ্গামাটি পার্বত্য জেলা	রাঙ্গামাটি শিশু পার্ক	রাঙ্গামাটি সদরে শিশুদের চিত্তবিনোদনের জন্য তেমন কোন নাগরিক সুবিধা বিরাজমান না থাকায় জেলা প্রশাসকের ব্যক্তিগত উদ্যোগে এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও রাঙ্গামাটি পৌরসভার উদ্যোগে রাঙ্গামাটি সদর উপজেলার রিজার্ভ বাজারে দীর্ঘদিন যাবৎ পতিত পার্কটি নতুনভাবে সৌন্দর্য বর্ধন এবং শিশু বান্ধব করে রাঙ্গামাটি শিশু পার্ক হিসেবে নামকরণ করা হয়েছে। যেখানে বিভিন্ন ধরনের রাইড স্থাপন করা হয়েছে এবং ভবিষ্যতে বৈদ্যুতিক সিস্টেমের রাইডও স্থাপন করার কার্যক্রম চলমান রয়েছে।	০১-০৭-২০১৯	হ্যাঁ	জনাব এ কে মামুনুর রশিদ জেলা প্রশাসক	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন) চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম	
০৩.	রাঙ্গামাটি পার্বত্য জেলা	প্রবীণ পার্ক উন্নতকরণ	রাঙ্গামাটি পার্বত্য জেলার রাঙ্গামাটি সদর উপজেলার স্টেশন ক্লাব সংলগ্ন প্রবীণ পার্কটি দীর্ঘদিন অরক্ষিত অবস্থায় ছিল। যেখানে জেলার প্রবীণগণের চিত্ত বিনোদন এবং বিশ্রামের জন্য জেলা প্রশাসকের উদ্যোগে বিভিন্ন ধরনের আধুনিকায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে পার্কটিতে বিভিন্ন ধরনের সংস্কার এবং নাগরিক সুবিধা বৃদ্ধির কার্যক্রম চলমান রয়েছে।	০১-০৭-২০১৯	হ্যাঁ	জনাব এ কে মামুনুর রশিদ জেলা প্রশাসক	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন) চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম	
০৪	রাঙ্গামাটি পার্বত্য জেলা	গণশুনানি ব্যবস্থাপনা সিস্টেম	জেলা প্রশাসক কর্তৃক নিয়মিতভাবে প্রতি বুধবার এবং অন্যান্য দিনে নাগরিক বিভিন্ন সমস্যা সমাধানে গণশুনানি আয়োজন করে থাকে এবং তাৎক্ষণিক প্রতিকার প্রদান করে থাকেন। এ সব গণশুনানি প্রদত্ত সেবা সমূহের তালিকা অনলাইন স্টোরেজ এ সংরক্ষণ এবং পরবর্তী কার্যক্রমে ব্যবহারের নিমিত্ত একটি প্ল্যাটফর্ম তৈরি।	০১-১০-২০১৯	হ্যাঁ	জনাব শারমিন আলম অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)	জনাব এ কে এম মামুনুর রশিদ জেলা প্রশাসক	

ক্রমিক নং	জেলার নাম	উদ্ভাবনের নাম	উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবনের কার্যক্রম শুরুর তারিখ	শৌকেসিং যোগ্য কিনা	উদ্ভাবকের নাম ও ঠিকানা	মেন্টরিং কার্যক্রমে যুক্ত কর্মকর্তা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
০৫	রাঙ্গামাটি পার্বত্য জেলা	জেলা প্রশাসন কর্তৃক “বঙ্গবন্ধু বৃত্তি” এর আবেদনপত্র অনলাইন ব্যবস্থাপনা	জেলা প্রশাসন, রাঙ্গামাটি পার্বত্য জেলার উদ্যোগে বিগত কয়েক বছর যাবত শিক্ষার্থীদের মাঝে “বঙ্গবন্ধু বৃত্তি” প্রদান করা হচ্ছে। এ বৃত্তির আবেদনপত্র অনলাইনে গ্রহণ হলে শিক্ষার্থী অতি সহজেই এ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। তাছাড়া বৃত্তি প্রদান কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি পাবে।	০১-০১-২০২০	হ্যাঁ	জনাব শারমিন আলম অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)	জনাব এ কে এম মামুনুর রশিদ জেলা প্রশাসক	
০৬	রাঙ্গামাটি পার্বত্য জেলা	জেলা পর্যায়ে আইসিটি অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবা সহজিকরণ সিস্টেম	আইসিটি অধিদপ্তর, জেলা ও উপজেলা পর্যায়ে স্থাপিত কার্যালয় কর্তৃক বিভিন্ন সরকারি দপ্তর তথা জনসাধারণকে নানাবিধ সেবা প্রদান করে আসছে। এ সকল সেবার আবেদন অনলাইনে গ্রহণ এবং অনলাইনে প্রদানের প্ল্যাটফর্ম তৈরি।	০১-১০-২০১৯	হ্যাঁ	জনাব বিপুল বণিক সহকারী প্রোগ্রামার	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রাঙ্গামাটি পার্বত্য জেলা	